

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩

কুমারঘাট, ২ এপ্রিল, ২০২৪

**উনকোটি জেলায় ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

শান্তি, জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা অক্ষুণ্ণ রাখতে উনকোটি জেলার জেলাশাসক এক আদেশবলে জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় ১৪৪ ধারা জারি করে সীমান্ত এলাকার ৩ কিলোমিটারের মধ্যে জনগণের চলাচলের উপর কিছু বিধি নিষেধ আরোপ করেছেন। এই আদেশ প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৬টা পর্যন্ত আগামী ৩০ জুন ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

আদেশে বলা হয়েছে পাঁচের অধিক ব্যক্তি সংশ্লিষ্ট এলাকায় একসাথে জড়ে হতে পারবে না। এছাড়া কোন ব্যক্তি লাঠি, তীর-ধনুক, সুঁচাগ্র বাঁশ, সাইকেলের চেইন, গুলতি, লোহার রড, ছুরি, আগ্নেয়ান্ত্র ও বিস্ফোরক ইত্যাদি বহণ করতে পারবেনা। তবে পুলিশ, বিএসএফ, টিএসআর, এআর এবং অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থার ক্ষেত্রে এই আদেশ কার্যকর হবে না। প্রশাসনের বৈধ অনুমতি প্রাপ্ত ব্যক্তি, গোষ্ঠী এর আওতার বাইরে থাকবে। এছাড়া, মুমুর্ষ রোগী হাসপাতালে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অথবা অনুমোদিত ঔষধের দোকান থেকে জীবনদায়ী ঔষধ ক্রয়ের ক্ষেত্রেও এই আদেশ কার্যকর হবে না। আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*